



ভাষা শহীদ আব্দুল জব্বার আনসার ভিডিপি স্কুল এন্ড কলেজ  
ডাকঘর: বাংলাদেশ আনসার একাডেমি  
উপজেলা: কালিয়াকৈর, জেলা: গাজীপুর।



তারিখ: ১৭/০৩/২০২১

এ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণির ১ম সপ্তাহের এ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমাদানের জন্য নিম্নে বর্ণিত তারিখ ও বার অনুযায়ী অভিভাবক/ শিক্ষার্থীকে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে আসার অনুরোধ করা হলো। একই সঙ্গে প্রতিষ্ঠানের বকেয়া টিউশনফি(যদি থাকে) পরিশোধের ব্যাপারে নির্দেশনা দেওয়া হলো।

১ম এ্যাসাইনমেন্ট গ্রহণ ও জমাদান তারিখ

শ্রেণি	শ্রেণি শিক্ষক হতে গ্রহণ তারিখ ও সময়	জমাদানের তারিখ ও সময়
৬ষ্ঠ ও ৭ম	২০/০৩/২০২১ খ্রি. , শনিবার বেলা: ১১:০০ ঘটিকা- ২:০০ ঘটিকা	২৭/০৩/২০২১ খ্রি. , শনিবার বেলা: ১১:০০ ঘটিকা- ২:০০ ঘটিকা
৮ম ও ৯ম	২১/০৩/২০২১ খ্রি. , রবিবার বেলা: ১১:০০ ঘটিকা- ২:০০ ঘটিকা	২৮/০৩/২০২১ খ্রি. , রবিবার বেলা: ১১:০০ ঘটিকা- ২:০০ ঘটিকা

এ্যাসাইনমেন্ট সংক্রান্ত অন্যান্য নির্দেশনা নিম্নে সংযুক্ত করা হলো।

অধ্যক্ষ

**অভিভাবকগণের প্রতি পরামর্শ:**

১. শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা;
২. শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন অর্জন যাচাই এবং কোন্ কোন্ ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করা। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা;
৩. শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা;
৪. শিক্ষার্থী যেন সময়মত এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা;
৫. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে হবহ লিখে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মত করে লেখার প্রতি উৎসাহিত করা।

**শিক্ষার্থীদের জন্য নির্দেশনা:**

১. শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে। তাই এটি অনুসরণ করা জরুরি তা বিবেচনা করতে হবে;
২. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত ও প্রকাশিত ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করলেই চলবে;
৩. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীর নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে;
৪. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে। এতে হাতের লেখার যেমন অনুশীলন হবে তেমনি বিষয়টি বুঝতেও সুবিধা হবে;
৫. এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে যে কোনো কাগজ ব্যবহার করলেই চলবে। এ্যাসাইনমেন্টের ১ম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, আইডি, বিষয় ও এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।